

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.১৮-৪২৫

তারিখঃ ২০/০৫/২০১৮খ্রিঃ

বিষয়ঃ বরগুনা জেলার আমতলী উপজেলাধীন এম.ইউ. বালিকা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার ডেমোনেস্ট্রেটর জনাব মিলন হাওলাদার এর জাল সনদ সম্পর্কে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার আমতলী উপজেলাধীন এম.ইউ. বালিকা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার ডেমোনেস্ট্রেটর জনাব মিলন হাওলাদার এর প্রশিক্ষণ সনদ সম্পর্কিত একটি অভিযোগ পত্র পাওয়া যায়।

উক্ত অভিযোগ পত্রে উল্লেখ করা হয়-“জনাব মিলন হাওলাদার এর জাল সনদ সম্পর্কে অভিযোগ দায়ের করলে অজ্ঞাত কারণে থেমে যায়। তাছাড়া তানজি রহমান, পিতা-মোঃ মতিয়ার রহমান কর্তৃক আপনার কার্যালয়ে অভিযোগ দায়ের করলে প্রাথমিকভাবে তদন্ত কার্যক্রম শুরু হয় (যার ডকেট নম্বর-১৩৯৯, তারিখঃ ১৯/১২/২০১৪খ্রিঃ) কিছুদিন পর তা আবার বন্ধ হয়ে যায়। দেশ ব্যাপী সনদ যাচাই-বাছাই কার্যক্রম শুরু হলে অধ্যক্ষ, বরগুনা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ মহোদয়ের হাতে জাল সনদটি ধরা পরলে উহা সত্যতা যাচাইয়ের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বরিশালে প্রেরণ করা হয়। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সনদটি যাচাই-বাছাই করে সনদটি সম্পূর্ণ জাল তা ধরা পরে। সনদটিকে জাল চিহ্নিত করা হয়। মিলন হাওলাদার জাল সনদটি দ্বারা দীর্ঘদিন চাকুরী করে সরকারী কোষাগারের অর্থ অপচয় করে।”

উক্ত অভিযোগ যাচাইকালে দেখা যায়, জনাব মিলন হাওলাদার এর প্রশিক্ষণ সনদটি সঠিক নয়।

জনবল কাঠামো ২০১০(মার্চ/১৩ পর্যন্ত সংশোধিত) নির্দেশিকার ১৮(১)(ঘ) ধারা মতে-“এমপিওভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন সনদ প্রদান, ভূয়া/জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, মহিলা কোটা অনুসরণ ব্যতীত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যাটার্ন বহির্ভূত পদে এমপিও এর জন্য আবেদন প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত করা হবে”-মর্মে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, জাল সনদ দাখিল করায় জনবল কাঠামো ২০১০(মার্চ/১৩ পর্যন্ত সংশোধিত) নির্দেশিকার ১৮(১)(ঘ) ধারা মোতাবেক প্রতিষ্ঠান প্রধান-এর বেতন-ভাতা কেন স্থগিত করা হবে না এবং জনাব মিলন হাওলাদার-এর এমপিও কেন বাতিল করা হবে না তার সুস্পষ্ট ব্যাখ্যা আগামী ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে এই অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ নুরুল ইসলাম)

পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১। প্রধান শিক্ষক

মফিজ উদ্দিন বালিকা পাইলট মাধ্যমিক বিদ্যালয়
আমতলী, বরগুনা।

২। জনাব মিলন হাওলাদার

কম্পিউটার ডেমোনেস্ট্রেটর
মফিজ উদ্দিন বালিকা পাইলট মাধ্যমিক বিদ্যালয়
আমতলী, বরগুনা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.১৮-৪২৫(৭)

তারিখঃ ২০/০৫/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, বরগুনা।

২। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


৩। জেলা শিক্ষা অফিসার, বরগুনা।

৪। সভাপতি, মফিজ উদ্দিন বালিকা পাইলট মাধ্যমিক বিদ্যালয়, আমতলী, বরগুনা।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সংরক্ষণ নথি।



(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক(এমপিও)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা